

গুণগত শিক্ষা নিশ্চিতের বিষয়ে গুরুত্বারোপ করে উচ্চশিক্ষা যেন সনদসর্বস্ব না হয়, সেদিকে নজর দিতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, বাংলাদেশের জন্য অন্যতম বড় একটি চ্যালেঞ্জ হচ্ছে শিক্ষার গুণগতমান নিশ্চিত করা। কারণ গুণগত শিক্ষা ছাড়া শিক্ষা মূল্যহীন। তাই উচ্চশিক্ষা যাতে কোনোক্রমেই সার্টিফিকেটসর্বস্ব না হয় তা নিশ্চিত করতে হবে। গতকাল শনিবার রাজধানীর আর্মি স্টেডিয়ামে বেসরকারি ব্র্যাক ইউনিভার্সিটির অঞ্চল সমাবর্তনে তিনি এ আহ্বান জানান।

শিক্ষার্থীদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, শুধু পাঠ্যপুস্তক অধ্যয়নে সীমাবদ্ধ থাকলেই চলবে না, পাঠ্যবিষয়ের সঙ্গে সঙ্গে বহির্জগতের জ্ঞানভা-র থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে কর্মী ও জ্ঞানী করে তোলাই হবে তোমাদের মূল লক্ষ্য। সেই সঙ্গে হতে হবে সুস্থ ও সবল মনের অধিকারী। উচ্চ চিন্তা ও সহজ জীবনচারণ তোমাদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলবে।

শিক্ষকদের উন্নত জাতি তৈরির মহান কারিগর আখ্যায়িত করে তিনি বলেন, আপনাদের হতে হবে নেতৃত্বভাবে বলিষ্ঠ চরিত্রের অধিকারী। হতে হবে নিরপেক্ষ, অকৃতোভয় ও সত্যবাদী। সন্তানদের প্রতি ঘতঘৰ্ষণ হতে অভিভাবকদের অনুরোধ জানান তিনি।

অনুষ্ঠানে সমাবর্তন বন্দো ছিলেন জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন। অন্যদের মধ্যে বন্ধুব্য রাখেন শিক্ষামন্ত্রী দীপু মনি, পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেন, ব্র্যাক ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন তামারা হোসেন আবেদ এবং উপাচার্য ভিনসেন্ট চ্যাং।